“ইমারর্জেন্সি ২০০৭ সাইক্লোন রিকভারি এন্ড রেষ্টোরেশন প্রজেক্ট (ইসিআরআরপি) (বাপাউবো অংশ) (৩য় সংশোধিত)” শীর্ষক প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ কার্যক্রম পরিচালনার নিমিত্ত পরামর্শক প্রতিষ্ঠানের কার্যপরিধি [Terms of Reference (TOR)]

পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৪
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি)
পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৪
শেরে বাংলা নগর, ঢাকা
www.imed.gov.bd

প্রভাব মূল্যায়ন সমীক্ষার জন্য নির্বাচিত প্রকল্পের বিবরণী ও পরামর্শক প্রতিষ্ঠানের কার্যপরিধি (ToR):

ক. প্রকল্পের বিবরণীঃ

১. **প্রকল্পের নাম** : "ইমারজেন্সি ২০০৭ সাইক্লোন রিকভারি এন্ড রেষ্টোরেশন প্রজেক্ট (ইসিআরআরপি) (বাপাউবো অংশ) (৩য় সংশোধিত)"

২. **উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ** : পানি সম্পদ মন্ত্রণালয়

৩. **বাস্তবায়নকারী সংস্থা** : বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (বাপাউবো)

৪. **প্রকল্পের অবস্থান** : বরগুনা জেলার-বরগুনা সদর, আমতলি, তালতলি, বামনা, পাথরঘাটা ও বেতাগী উপজেলা, পটুয়াখালী জেলার-গলাচিপা, দশমিনা, কলাপাড়া ও রাঙ্গাবালী উপজেলা, পিরোজপুর জেলার-ভান্ডারিয়া ও মঠবাড়ীয় উপজেলা।

৫. অনুমোদিত বাস্তবায়নকাল ও ব্যয় (লক্ষ টাকা) :

বিষয়	অনুমোদিত প্রাক্কলিত ব্যয়				বাস্তবায়ন কাল	অনুমোদনের তারিখ	*পরিবর্তন(+/-)	
	মোট	জিওবি	প্র:সা:	অন্যান্য			ব্যয়	মেয়াদ
মূল	১৮০৬৪.৯০	-	১৮০৬৪.৯০	-	আগস্ট ২০০৮ থেকে জুন, ২০১৩ পর্যন্ত	২৩/১০/২০০৮	-	-
১ম সংশোধিত	৩৩৯২৩.৪০	-	৩৩৯২৩.৪০	-	আগস্ট ২০০৮ থেকে জুন,২০১৪ পর্যন্ত	২৩/০৮/২০১১	+১৫৮.৫৮	১বছর বৃদ্ধি
আন্তঃঅঙ্গ ব্যয় সমন্বয় (১ম বার)	৩৩৯২৩.৪০	-	৩৩৯২৩.৪০	-	আগস্ট ২০০৮ থেকে জুন, ২০১৪ পর্যন্ত	০৭/০৮/২০১২		
ব্যয়বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি (১ম বার)	৩৩৯২৩.৪০	-	৩৩৯২৩.৪০	-	আগস্ট ২০০৮ থেকে জুন,২০১৬ পর্যন্ত			২ বছর বৃদ্ধি
ব্যয়বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি (২য় বার)	৩৩৯২৩.৪০	-	৩৩৯২৩.৪০	-	আগস্ট ২০০৮ থেকে জুন, ২০১৭ পর্যন্ত			৩ বছর বৃদ্ধি
২য় সংশোধিত	৭০৩১০.০০	-	৭০৩১০.০০	-	আগস্ট ২০০৮ থেকে ডিসেম্বর, ২০১৭ পর্যন্ত	০৩/০৬/২০১৪	+৫২২.৪৫	৩বছর ৬মাস বৃদ্ধি
৩য় সংশোধিত	৭৫০৫০.০০	১০৭.৫১	৭৪৯৪২.৪৯	-	আগস্ট ২০০৮ থেকে ডিসেম্বর, ২০১৭ পর্যন্ত	৩১/০৫/২০১৬	+৫৬৯.৮৫	-
ব্যয়বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি (৩য় বার)	৭৫০৫০.০০	১০৭.৫১	৭৪৯৪২.৪৯	-	আগস্ট ২০০৮ থেকে জুন, ২০১৮ পর্যন্ত			৪ বছর বৃদ্ধি
আন্তঃঅঙ্গ ব্যয় সমন্বয় (২য় বার)	৭৫০৫০.০০	১০৭.৫১	৭৪৯৪২.৪৯	-	আগস্ট ২০০৮ থেকে জুন, ২০১৮ পর্যন্ত			-

৬. প্রকল্পের অর্থায়ন: জিওবি ও বিশ্বব্যাংক

৭. প্রকল্পের উদ্দেশ্যঃ

ঘূর্ণিঝড় সিডর এবং আইলাতে ক্ষতিগ্রস্ত পানি উন্নয়ন বোর্ডের ২৯টি ক্ষতিগ্রস্ত পোল্ডার এর পুনর্বাসনের মাধ্যমে উপকূলীয় ৩টি জেলার ১২টি উপজেলায় ক্ষতিগ্রস্ত অবকাঠামো পূর্বাবস্থায় পুনরুদ্ধার এবং উপ-প্রকল্পের কাঙ্খিত সুবিধা নিশ্চিতকরণ।

৮. প্রকল্পের প্রধান প্রধান অঙ্গঃ

- পরামর্শক সেবা;
- জরিপ ও অনুসন্ধান কাজ;
- ৯৫ হেক্টর ভূমি অধিগ্রহণ ও অন্যান্য ক্ষতিপূরণ;

- ৫১৪.২৪ কিঃ মিঃ বাঁধ নির্মাণ ও মেরামত কাজ (নতুন ৩৫.৪৩ কিঃ মিঃ এবং মেরামত ৪৭৮.৮১ কিঃ মিঃ);
- ৩৬৫টি পানি নিয়ন্ত্রণ অবকাঠামো নির্মাণ ও মেরামত কাজ (নতুন ১৭৪টি এবং ১৯১টি) এবং
- ১৯.৭৭ কিঃ মিঃ নদী তীর সংরক্ষণ কাজ।

খ. পরামর্শকের কার্যপরিধি (ToR) :

৯.০ পরামর্শকের দায়িত্বঃ

৯.১ প্রকল্পের বিবরণ (পটভূমি, উদ্দেশ্য, অনুমোদন/সংশোধনের অবস্থা, অর্থায়নের বিষয় ইত্যাদি সকল প্রযোজ্য তথ্য) পর্যালোচনা;

৯.২ প্রকল্পের অর্থবছরভিত্তিক কর্মপরিকল্পনা, অর্থবছরভিত্তিক বরাদ্দ, ছাড় ও ব্যয় এবং সার্বিক ও বিস্তারিত অঙ্গভিত্তিক বাস্তবায়ন (বাস্তব ও আর্থিক) অগ্রগতি তথ্য সংগ্রহ, সন্নিবেশন, বিশ্লেষণ, সারণি/লেখচিত্রের মাধ্যমে উপস্থাপন ও পর্যালোচনা;

৯.৩ ডিপিপি ও লগ ফ্রেমের আলোকে output, outcome ও impact পর্যায়ের অর্জন পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৯.৪ প্রকল্পের আওতায় সম্পাদিত বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংগ্রহের (Procurement) ক্ষেত্রে প্রচলিত আইন ও বিধিমালা (পিপিএ, পিপিআর, উন্নয়ন সহযোগীর গাইডলাইন ইত্যাদি) প্রতিপালন করা হয়েছে কি না সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৯.৫ প্রকল্পের আওতায় সৃষ্ট সুবধাদি (পণ্য, অবকাঠামো ও সেবা) পরিচালনা এবং রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় জনবলসহ আনুষঙ্গিক বিষয় পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৯.৬ প্রকল্পের আওতায় সংগৃহীত বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংশ্লিষ্ট ক্রয়চুক্তিতে নির্ধারিত স্পেসিফিকেশন/BOQ/TOR, গুণগত মান, পরিমাণ অনুযায়ী প্রয়োজনীয় পরিবীক্ষণ/যাচাইয়ের মাধ্যমে সংগ্রহ করা হয়েছে কি না সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৯.৭ প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নের ফলে প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য অনুযায়ী কি পরিবর্তন হয়েছে তা বিভিন্ন জাতীয়/স্থানীয় তথ্যে (প্রযোজ্য ক্ষেত্রে) এবং বেজলাইন সার্ভের (যদি থাকে) আলোকে তুলনামূলক পর্যালোচনা করা;

৯.৮ প্রকল্প BCR ও IRR অর্জন পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৯.৯ প্রকল্প সমাপ্তির পর সৃষ্ট সুবিধাদি টেকসই (Sustainable) হয়েছে কিনা সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৯.১০ প্রকল্পের আওতায় বাস্তবায়িত কার্যক্রম, বাস্তবায়ন পদ্ধতি, সৃষ্ট সুবিধাদি, সৃষ্টি সুবিধাদি টেকসই বিষয়ক ও সৃষ্ট সুবিধাদি পরিচালনা ইত্যাদির SWOT ANALYSIS;

৯.১১ উল্লিখিত পর্যালোচনার ভিত্তিতে সার্বিক পর্যবেক্ষণ;

৯.১২ প্রয়োজনীয় সুপারিশ প্রণয়ন;

৯.১৩ প্রভাব মূল্যায়ন সমীক্ষা পরিচালনাকালে যে সব FGD, KII-সহ সরেজমিন পরিদর্শন সম্পন্ন করা হবে তার একটি ভিডিও (ন্যূনতম ৩০ মিনেটের) প্রমানক হিসেবে আবশ্যিকভাবে কর্মশালার পূর্বে আইএমইডিতে দাখিল করতে হবে;

৯.১৪ কর্তৃপক্ষ নির্ধারিত অন্যান্য বিষয়াবলি।

১০. পরামর্শক প্রতিষ্ঠান ও পরামর্শকের প্রকৃতি ও যোগ্যতাঃ

ক্রমিক	পরামর্শক প্রতিষ্ঠান ও পরামর্শক প্রতিষ্ঠানের পরামর্শক	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
১)	পরামর্শক প্রতিষ্ঠান		• গবেষণা এবং প্রকল্প পরিবীক্ষণ ও মূল্যায়ন সংক্রান্ত সমীক্ষা পরিচালনায় ন্যূনতম ০৩(তিন) বছরের অভিজ্ঞতা।
২)	ক) টিম লিডার-	স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে সিভিল/পানি সম্পদ ইঞ্জিনিয়ারিং-এ স্নাতক ডিগ্রি। এছাড়া সংশ্লিষ্ট বিষয়ে মাস্টার্স/ উচ্চতর ডিগ্রী থাকলে অগ্রাধিকার প্রদান করা হবে।	• পেশাগত কাজে ২০ বছরের অভিজ্ঞতাসহ পানি সম্পদ সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ১৫ (পনের) বছরের অভিজ্ঞতা; • উপকূলীয় এলাকায় প্রাকৃতিক দূর্যোগ/দূর্যোগ পরবর্তি সময়ে কাজের অভিজ্ঞতা; • ন্যূনতম ০৩(তিন)টি প্রকল্প

ক্রমিক	পরামর্শক প্রতিষ্ঠান ও পরামর্শক প্রতিষ্ঠানের পরামর্শক	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
			পরিবীক্ষণ/মূল্যায়ন কাজে অভিজ্ঞতা; • পিপিএ-২০০৬ ও পিপিআর-২০০৮ অনুসরণে এবং বিশ্বব্যাংকের অর্থায়নে ক্রয় সংক্রান্ত কার্যক্রম মূল্যায়নের অভিজ্ঞতা; • কম্পিউটার বিষয়ে ব্যবহারিক জ্ঞান এবং • প্রতিবেদন উপস্থাপনায় বিশেষ দক্ষতা।
	খ) মিড-লেভেল ইঞ্জিনিয়ার	স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে ন্যূনতম সিভিল ইঞ্জিনিয়ারিং-এ স্নাতক ডিগ্রি	• পানি সম্পদ সংশ্লিষ্ট স্ট্রাকচার ব্যবস্থাপনা কাজে ন্যূনতম ১০ (দশ) বছরের ব্যবহারিক অভিজ্ঞতা । • ভূমি অধিগ্রহণ ও পুনর্বাসন বিষয়ে সম্যক ধারণা/বাস্তব অভিজ্ঞতা
	গ) পরিবেশবিদ	স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে ভুগোল/পরিবেশ বিদ্যা বা অনুরূপ বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি।	• পেশাগত কাজে ০৮ (আট) বছরের অভিজ্ঞতা। • উপকূলীয় পরিবেশ সম্পর্কে সম্যক ধারণা এবং উপকূল অঞ্চলে বাস্তবায়িত প্রকল্পের বাস্তবায়ন/ পরিবীক্ষণ/ মূল্যায়ন সংশ্লিষ্ট কাজে ০৫ (পাঁচ) বছরে অভিজ্ঞতা।
	ঘ) ভূমি অধিগ্রহণ ও পুনর্বাসন বিশেষজ্ঞ	স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতকসহ স্নাতকোত্তর ডিগ্রি।	• পেশাগত কাজে ০৮ (আট) বছরের অভিজ্ঞতা। • ভূমি অধিগ্রহণ ও পুনর্বাসন কাজে ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা।
	ঙ) আর্থ-সামাজিক বিশেষজ্ঞ	ন্যূনতম স্নাতকোত্তর ডিগ্রী। স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে সমাজবিজ্ঞান/অর্থনীতি/ডেভলপমেন্ট স্টাডিজ/সমাজকল্যাণ/সমাজকর্ম/ প্রকল্প ব্যবস্থাপনা বা অনুরূপ বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রিধারীদের অগ্রাধিকার প্রদান করা হবে।	• পেশাগত কাজে ০৮ (আট) বছরের অভিজ্ঞতা; • আর্থ-সামাজিক গবেষণা/ প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ/ প্রভাব মূল্যায়ন সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা; • বিভিন্ন statistical tools ও সফ্টওয়ার ব্যবহারের অভিজ্ঞতা।

১১. নিম্নলিখিত প্রতিবেদনসমূহ দাখিল করতে হবেঃ

ক্র নং	প্রতিবেদনের নাম	দাখিলের সময়
(১)	প্রারম্ভিক রিপোর্ট	চুক্তি সম্পাদনের ১৫ দিনের মধ্যে
(২)	১ম খসড়া প্রতিবেদন	চুক্তি সম্পাদনের ৭৫ দিনের মধ্যে
(৩)	২য় খসড়া প্রতিবেদন	চুক্তি সম্পাদনের ৯০ দিনের মধ্যে
(৪)	চূড়ান্ত খসড়া প্রতিবেদন	চুক্তি সম্পাদনের ১০০ দিনের মধ্যে
(৫)	চূড়ান্ত প্রতিবেদন (বাংলা ও ইংরেজি)	চুক্তি সম্পাদনের ১২০ দিনের মধ্যে

১২. ক্লায়েন্ট কর্তৃক প্রদেয়:

- প্রকল্প দলিল ও প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিবেদন (যেমন: আইএমইডি-০৫ প্রতিবেদন);
- বিভিন্ন স্টেকহোল্ডারের সাথে যোগাযোগের জন্য প্রয়োজনীয় সহযোগিতা প্রদান।